বিজ্ঞান মনস্ক পরিবেশ গড়ি, বিজ্ঞান ভীতি দূর করি

# মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্পের

## "সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫"

# প্রতিবেদন



স্থানঃ মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণ, তারিখঃ ২২ নভেম্বর, ২০১৫

অংশগ্রহণেঃ বিজ্ঞান ক্লাবসমূহ, গোদাগাড়ী ও পবা, রাজশাহী

আয়োজনেঃ মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিজ্ঞান মেলা আয়োজক কমিটি

সহযোগিতায়ঃ সিসিবিভিও-রাজশাহী ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন-ঢাকা

মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্পের
**"সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা ২০১৫"**
## প্রতিবেদন

স্থান: মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণ
তারিখ: ২২ নভেম্বর, ২০১৫

প্রতিবেদন প্রকাশকাল
ডিসেম্বর, ২০১৫

প্রতিবেদন তৈরী
মো: নিরাবুল ইসলাম, প্রকল্প সমন্বয়কারী
পিএসই প্রকল্প, সিসিবিভিও

কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা
মো: আরিফ, প্রশিক্ষণ সমন্বয়কারী
রক্ষাগোলা খাদ্য নিরাপত্তা প্রকল্প, সিসিবিভিও
এবং
সুমন মার্ডী, হিসাবরক্ষক, সিসিবিভিও

সম্পাদনা
মো: সারওয়ার-ই-কামাল
নির্বাহী প্রধান, সিসিবিভিও, রাজশাহী

প্রকাশক
সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অফ ভলান্টারী অর্গানাইজেশন
(সিসিবিভিও)
মহিষবাথান, রাজশাহী কোর্ট, রাজপাড়া,
রাজশাহী-৬২০১ কর্তৃক প্রকাশিত।

## সূচীপত্র

০১. ভূমিকা ⇨ পৃষ্ঠা ৩

০২. অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের নিবন্ধন ⇨ পৃষ্ঠা ৩

০৩. অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের স্টল সাজানো ⇨ পৃষ্ঠা ৩

০৪. অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দের র‌্যালী ⇨ পৃষ্ঠা ৩

০৫. জাতীয় পতাকা উত্তোলন ও অনুষ্ঠানের উদ্বোধন ⇨ পৃষ্ঠা ৩

০৬. অতিথিবৃন্দের স্টল পরিদর্শন ⇨ পৃষ্ঠা ৪

০৭. সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ ⇨ পৃষ্ঠা ৫

০৮. মেলা আয়োজক কমিটির পক্ষে স্বাগত বক্তব্য ⇨ পৃষ্ঠা ৫

০৯. প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান ⇨পৃষ্ঠা ৫

১০. প্রকল্প বাস্তবায়ন ও সহায়তাকারী সংস্থার পক্ষে বক্তব্য⇨পৃষ্ঠা ৭

১১. প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য ⇨ পৃষ্ঠা ৭

১২. সভাপতির বক্তব্য ⇨ পৃষ্ঠা ৭

১৩. অংশগ্রহণকারী প্রতিনিধিদের দুপুরের আহার ⇨ পৃষ্ঠা ৭

১৪. সাংস্কৃতিক অনুষ্ঠান ⇨ পৃষ্ঠা ৭

১৫. পুরস্কার বিতরনী ও সমাপনী ⇨ পৃষ্ঠা ৭

১৬. পেপার কাটিং ⇨ পৃষ্ঠা ৮

**ভূমিকা:**

মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন (পি.এস.ই) প্রকল্পের আওতায় রাজশাহী জেলাধীন গোদাগাড়ী উপজেলার মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে এবং গোদাগাড়ী ও পবা উপজেলার ৩১টি মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান ক্লাবসমূহের অংশগ্রহণে বিগত ২২ নভেম্বর, ২০১৫, তারিখ সকাল ১০ টায় গোদাগাড়ী উপজেলার মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে **"সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫"** অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি আয়োজনে সহায়তা করে সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অফ ভলান্টারী অর্গানাইজেশন (সিসিবিভিও), রাজশাহী এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন (বিএফএফ), ঢাকা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাজশাহী শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান প্রফেসর শিরিন সুফিয়া খানম। বিশেষ অতিথি ছিলেন গোদাগাড়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: সোহেল হোসেন, রাজশাহী শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের সাবেক উপাধ্যক্ষ মো.আব্দুস সামাদ মন্ডল, গোদাগাড়ী উপজেলা আওয়ামী লীগের সভাপতি বদিউজ্জামান ও মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সভাপতি মো: ফেকন আলী।

প্রকল্প বাস্তবায়ন ও সহায়তাকারী সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার মোরশেদ আলম ও সিসিবিভিও'র সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান মো: সারওয়ার-ই-কামাল।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অংশগ্রহণকারী মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান ও সভাপতি। এছাড়াও সুশীল সমাজের প্রতিনিধি, এলাকার গণ্যমান্য ব্যক্তি, বিভিন্ন পত্র পত্রিকার সংবাদ কর্মী, পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি ও অভিভাবক বৃন্দ।
অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন **৩১**টি বিজ্ঞান ক্লাবের প্রতিটি থেকে ৫ জন সদস্য ও **১** জন বিজ্ঞান শিক্ষকসহ সর্বমোট **১৮৬** জন।
বিজ্ঞান মেলার আলোচনা পর্বে সভাপতিত্ব করেন মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের সভাপতি রায়ানাতুন নেসা।

অনুষ্ঠান উপস্থাপন ও পরিচালনা করেন মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের সদস্য সানজিদা খাতুন ও দিল আফরোজ।

**অনুষ্ঠানসূচী**

| | | |
|---|---|---|
| ০১ | নিবন্ধন | সকাল ০৯:০০- ১০:০০ |
| ০২ | স্টল সাজানো | সকাল ০৯:০০- ১০:০০ |
| ০৩ | অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দের র‌্যালী | সকাল ১০:০০- ১০:১৫ |
| ০৪ | জাতীয় পতাকা উত্তোলন ও অনুষ্ঠানের উদ্বোধন | সকাল ১০.১৫- ১০:৩০ |
| ০৫ | স্টল পরিদর্শন | সকাল ১০:৩০- ১১:৩০ |
| ০৬ | আলোচনা সভায় সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ | সকাল ১১:৩০- ১১:৪০ |
| ০৭ | স্বাগত বক্তব্য | সকাল ১১:৪০- ১১:৫০ |
| ০৮ | প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা | সকাল ১১:৫০- ১২:০০ |
| ০৯ | প্রকল্প বাস্তবায়নকারী ও সহায়তাকারী সংস্থার পক্ষে বক্তব্য | দুপুর ১২:০০ :১২:২০ |
| ১০ | প্রধান অতিথি ও অতিথিবৃন্দের বক্তব্য | দুপুর ১২:২০ : ০১:১০ |
| ১১ | সভাপতির বক্তব্য | দুপুর ০১:১০ : ০১:১৫ |
| ১২ | দুপুরের আহার | দুপুর ০১.১৫ : ০২.১৫ |
| ১৩ | সাংস্কৃতিক অনুষ্ঠান | দুপুর ০২.১৫ : ০৩.০০ |
| ১৪ | পুরস্কার বিতরনী ও সমাপনী অনুষ্ঠান | দুপুর ০৩.০০: ০৪.০০ |

**অংশগ্রহণকারী শিক্ষক ও বিজ্ঞান ক্লাবসমূহের নিবন্ধন:**

গোদাগাড়ী উপজেলার ২৯টি ও পবা উপজেলার ২টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান শিক্ষক প্রতিনিধি ও বিদ্যালয়সমূহের বিজ্ঞান ক্লাবের সদস্যগণ মেলার শুরুতে মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে উপস্থিত হন এবং মেলার অংশগ্রহণকারী হিসেবে নিজেদের নিবন্ধিত করেন। নিবন্ধনে সহায়তা করেন অত্র বিদ্যালয়ের লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের ৪ জন সদস্য।

**অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের স্টল সাজানো:**

সিসিবিভিও-বিএফএফ আন্ত:স্কুল বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহ প্রদর্শনী স্টল নিজ নিজ দায়িত্বে সাজিয়ে নেন। তাদের স্টলসমূহ সাজানোর ক্ষেত্রে অংশগ্রহণকারীদেরকে সহায়তা করেন লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের **৩১** জন সদস্য।

**অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দের র‌্যালী:**

অভ্যাগত অতিথিবৃন্দসহ অংশগ্রহণকারী প্রতিটি বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সদস্যগণ, অত্র বিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ, ও দর্শনার্থী র‌্যালীতে অংশগ্রহণ করেন।

**জাতীয় পতাকা উত্তোলন ও অনুষ্ঠানের উদ্বোধন:**

অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর শিরিন সুফিয়া খানম জাতীয় পতাকা উত্তোলন করেন এবং সকল অংশগ্রহণকারী নিজ নিজ স্থানে দাঁড়িয়ে জাতীয় সংগীত কণ্ঠমিলিয়ে অংশগ্রহণ করেন। জাতীয় পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি **"সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫"** কবুতর উড়িয়ে শুভ উদ্বোধন ঘোষণা করেন ।

**অতিথিবৃন্দের স্টল পরিদর্শন:**
অভ্যাগত অতিথিবৃন্দসহ শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, দর্শনার্থী, অন্যান্য ছাত্র-ছাত্রী ও বিভিন্ন মিডিয়া প্রতিটি স্টল পরিদর্শন করেন।

পরিদর্শিত প্রজেক্ট সংখ্যা নিম্নরূপ:

| ক্র:নং | বিদ্যালয়ের নাম | বিজ্ঞান ক্লাবের নাম | পরিদর্শিত প্রজেক্ট সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | গোদাগাড়ী স্কুল এন্ড কলেজ | আদর্শ বিজ্ঞান ক্লাব | ৪ টি |
| ০২ | ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয় | নতুন কুঁড়ি বিজ্ঞান ক্লাব | ২০ টি |
| ০৩ | পিরিজপুর উচ্চ বিদ্যালয় | পি.এইচ.এস বিজ্ঞান ক্লাব | ১০ টি |
| ০৪ | উত্তরা বালিকা উচ্চ বিদ্যালয় | প্রযুক্তি বিজ্ঞান ক্লাব | ৫ টি |
| ০৫ | প্রেমতলী বালিকা উচ্চ বিদ্যালয় | দিগন্ত প্রসারী বিজ্ঞান ক্লাব | ৭ টি |
| ০৬ | প্রেমতলী সুকবাসিয়া উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব | ৫ টি |
| ০৭ | বিড়ইল উচ্চ বিদ্যালয় | ডক্টর ওয়াজেদ বিজ্ঞান ক্লাব | ৬টি |
| ০৮ | সোনাদিঘী উচ্চ বিদ্যালয় | মুক্তি বিজ্ঞান ক্লাব | ৮ টি |
| ০৯ | গুনিগ্রাম মাধ্যমিক বিদ্যালয় | ধুমকেতু বিজ্ঞান ক্লাব | ৭ টি |
| ১০ | রাজাবাড়ী হাট উচ্চ বিদ্যালয় | ইউরেকা বিজ্ঞান ক্লাব | ৫ টি |
| ১১ | রাজাবাড়ী হাট বালিকা উচ্চ বিদ্যালয় | গ্যালাক্সী বিজ্ঞান ক্লাব | ১২ টি |
| ১২ | বলিয়া ডাইং আদর্শ উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব | ৫ টি |
| ১৩ | পালপুর উচ্চ বিদ্যালয় | নিহারিকা বিজ্ঞান ক্লাব | ৭ টি |
| ১৪ | কদমশহর উচ্চ বিদ্যালয় | অন্বেষন বিজ্ঞান ক্লাব | ১০ টি |
| ১৫ | গোগ্রাম স্কুল এন্ড কলেজ | প্রেরণা বিজ্ঞান ক্লাব | ৮ টি |
| ১৬ | আই হাই উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব | ১০ টি |
| ১৭ | চব্বিশনগর উচ্চ বিদ্যালয় | আইন স্টাইন বিজ্ঞান ক্লাব | ১২ টি |
| ১৮ | কাকনহাট উচ্চ বালিকা বিদ্যালয় | সবুজ সংঘ বিজ্ঞান ক্লাব | ৮ টি |
| ১৯ | কাকনহাট ফাজিল মাদ্রাসা | দি স্টারস সংঘ বিজ্ঞান ক্লাব | ৮ টি |
| ২০ | সেখের পাড়া উচ্চ বিদ্যালয় | দিশারী বিজ্ঞান ক্লাব | ৬ টি |
| ২১ | হরিণবিস্কা উচ্চ বিদ্যালয় | আদর্শ বিজ্ঞান ক্লাব | ৪ টি |
| ২২ | প্রতিভা মাধ্যমিক বিদ্যালয় | আর্কিমিডিস বিজ্ঞান ক্লাব | ৫ টি |
| ২৩ | পিরিজপুর আলিম মাদ্রাসা | পিএএম বিজ্ঞান ক্লাব | ৬ টি |
| ২৪ | ধরমপুর পালপুর আলিম মাদ্রাসা | রংধনু বিজ্ঞান ক্লাব | ১৫ টি |
| ২৫ | চব্বিশনগর ওয়াকফ দাখিল মাদ্রাসা | আল হিকমা বিজ্ঞান ক্লাব | ৬ টি |
| ২৬ | দামকুড়াহাট উচ্চ বিদ্যালয় | জগদিস চন্দ্র বসু বিজ্ঞান ক্লাব | ৮ টি |
| ২৭ | মুরারীপুর উচ্চ বিদ্যালয় | মুরারীপুর বিজ্ঞান ক্লাব | ৩ টি |
| ২৮ | বামলাহাল উচ্চ বিদ্যালয় | ম্যান্ডেলিফ বিজ্ঞান ক্লাব | ১৬ টি |
| ২৯ | কাদমা উচ্চ বিদ্যালয় | বসুন্ধরা বিজ্ঞান ক্লাব | ১০ টি |
| ৩০ | মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয় | লিনাস পলিং বিজ্ঞান ক্লাব | ৩১ টি |
| ৩১ | মাটিকাটা উচ্চ বিদ্যালয় | আইডিয়াল বিজ্ঞান ক্লাব | ২ টি |
| **মোট প্রজেক্ট** | | | **২৬৯ টি** |

**সিসিবিভিও-বিএফএফ আন্ত:স্কুল বিজ্ঞান মেলা-২০১৫ এর স্থির চিত্র:**


চিত্র:১


চিত্র: ২


চিত্র: ৩


চিত্র:৪


চিত্র: ৫


চিত্র: ৬


চিত্র:৭


চিত্র: ৮


চিত্র: ৯


চিত্র: ১০


চিত্র: ১১


চিত্র: ১২

**চিত্র-০১ :** সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫ র‌্যালীতে অতিথি ও অংশগ্রহণকারী।
**চিত্র-০২ :** জাতীয় পতাকা উত্তোলন করছেন অনুষ্ঠানের প্রধান অতিথী প্রফেসর শিরিন সুফিয়া খানম।
**চিত্র-০৩ :** প্রধান অতিথি ও অতিথিবৃন্দ স্টল পরিদর্শন করছেন।
**চিত্র-০৪ :** বিজ্ঞান মেলায় শিক্ষার্থীদের প্রজেক্ট উপস্থাপন।
**চিত্র-০৫ :** শ্রেষ্ঠ প্রজেক্ট মূল্যায়ন করছেন।
**চিত্র-০৬ :** বিজ্ঞান ক্লাবের সদস্যগণ স্টল সাজাচ্ছে।
**চিত্র-০৭ :** বিজ্ঞান মেলায় দর্শনার্থী।
**চিত্র-০৮ :** বিজ্ঞান মেলায় দর্শনার্থী।
**চিত্র-০৯ :** রংধনু বিজ্ঞান ক্লাব, ধরমপুর পালপুর আলিম মাদ্রাসা।
**চিত্র-১০ :** গান পরিবেশন করছেন রাজশাহী শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের সাবেক উপাধ্যক্ষ জনাব মো: আব্দুস সামাদ মন্ডল।
**চিত্র-১১ :** নাচ পরিবেশন করছে লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের সদস্যগণ।
**চিত্র-১২ :** নাচ পরিবেশন করছে লিনাস পলিং ক্লাবের সদস্যগণ।

**সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ:**
অভ্যাগত অতিথিবৃন্দকে নিয়ে অনুষ্ঠানের সভাপতি আলোচনা সভায় অংশগ্রহনের জন্য আসন গ্রহণ করেন।

**মেলা আয়োজক কমিটির পক্ষে স্বাগত বক্তব্য:**
**মো: হায়দার আলী, প্রধান শিক্ষক, মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়:** তিনি বলেন, সিসিবিভিও-বিএফএফ অন্ত:স্কুল বিজ্ঞান মেলা-২০১৫ আয়োজক কমিটির পক্ষে উপস্থিত অতিথি, শিক্ষক, অভিভাবক ও অংশগ্রহণকারীবৃন্দকে স্বাগত জানিয়ে তিনি তার বক্তব্যের শুরুতে বলেন আজকের এই মেলা আয়োজনে সহায়তা করার জন্য সিসিবিভিও এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনকে আন্তরিক ধন্যবাদ জানাই। এই মেলা শিক্ষার্থীদের মিলন মেলা। এই ধরণের মেলা আয়োজন করা খুবই জরুরী। সবার সহযোগিতা থাকলে আমরা নিজেরাই আন্ত:স্কুল বিজ্ঞান মেলার আয়োজন করতে পারব।

**প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা:**
**মো: নিরাবুল ইসলাম নিরব, সমন্বয়কারী পিএসই প্রকল্প, সিসিবিভিও:** তিনি বলেন, বিজ্ঞানের মূল কাজ হচ্ছে প্রকৃতিকে অনুধাবন করা। পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ এবং গাণিতিক যুক্তি প্রয়োগের মাধ্যমে প্রকৃতির রহস্যকে বিজ্ঞান উন্মোচন করে, সৃষ্টি করে নতুন জ্ঞান। বিজ্ঞানের এই জ্ঞানকে কাজে লাগিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নানাবিধ ব্যবহারের ফলে মানুষ একদিকে তার দৈনন্দিন জীবনকে করছে আরামদায়ক; সাথে সাথে মানবসভ্যতাকে সচল রাখছে প্রগতির পথে। জাতীয় এবং আর্থ-সামাজিক ক্ষেত্রে দারিদ্র্য দূরীকরণ, স্বাস্থ্য সেবা, শিক্ষাসহ সার্বিক মানবসম্পদ উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কার্যকরী ব্যবহার এখন তাই সময়ের দাবী। অথচ আমরা দেখছি যে, আমাদের দেশে মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাচ্ছে। যদিও বাংলাদেশের সংবিধানে বলা হয়েছে, শিক্ষা সুযোগ নয় অধিকার। দেশের সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষার গুরুত্ব অপরিসীম বিবেচনায় আমাদের সার্বিক শিক্ষার হার কিঞ্চিত বাড়লেও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষার হার আশংকাজনকভাবে হ্রাস পাচ্ছে যা, বিভিন্ন গবেষণা তথ্য থেকে জানা যাচ্ছে।
ফলে বিজ্ঞান শিক্ষার এই পরিস্থিতিতে দেশের সার্বিক উৎপাদন ও অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলছে। এ অবস্থা থেকে পরিত্রাণের জন্য আমাদের অবশ্যই বিজ্ঞান শিক্ষার প্রতি গুরুত্ব দিতে হবে। বিধায় **সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অব ভলান্টারী অর্গানাজেশন (সিসিবিভিও)** মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান শিক্ষার উপর অধিক গুরুত্ব অরোপ করেছে। **বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন (বিএফএফ)** -এর সহায়তা নিয়ে সিসিবিভিও **মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (প্রোমটিং সাইন্স এডুকেশন ইন সেকেন্ডারী স্কুলস**-PSE) প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করেছে।

**প্রকল্পের মূল লক্ষ্য:**
বিজ্ঞান চর্চা ও অনুশীলনের সুযোগ সৃষ্টির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বিজ্ঞান ভীতি দূর করে বিজ্ঞান বিষয়ে আগ্রহ সৃষ্টি করা ও বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করা।

**প্রকল্পের উদ্দেশ্যসমূহ:**

- সুবিধাবঞ্চিত মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা জনপ্রিয়করণ ও বিজ্ঞান শিক্ষার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করা।
- শিক্ষাথীদের পরিচালনায় প্রতিষ্ঠানে বিজ্ঞান ক্লাব গঠন ও সক্রিয় করা।
- শিক্ষক-অভিভাবক তথা কমিউনিটিতে বিজ্ঞান বিষয়ে আগ্রহ সৃষ্টি করা।
- শিক্ষার্থীদের উদ্ভাবিত উপকরণের মাধ্যমেই নিজ নিজ বিদ্যালয়ের বিজ্ঞানাগারের ভৌত সুবিধাদি গড়ে তোলা।
- সম্ভাবনাময় শিক্ষার্থীদের খুঁজে বের করার মাধ্যমে বৃহত্তর পরিসরে তাদের উদ্ভাবন গুলোকে তুলে ধরা।

**প্রকল্পের কর্মএলাকা:**

রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ২৮টি ও পবা উপজেলার ২টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে "মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (প্রোমটিং সাইন্স এডুকেশন ইন সেকেন্ডারী স্কুলস-PSE) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

**প্রকল্পের উপকারভোগী:**

প্রকল্পের সরাসরি উপকারভোগী হবে শিক্ষা প্রতিষ্ঠনসমূহের ছাত্র-ছাত্রী। পরোক্ষ উপকারভোগী হবে প্রাক্তন ছাত্র-শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগী ও স্থানীয় নাগরিক সমাজ।

**প্রকল্পের প্রধান কার্যক্রম:**

**১. মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য শিক্ষক, বিজ্ঞান অনুরাগী, অভিভাবক ও স্থানীয় নাগরিক সমাজের প্রতিনিধিদের অংশগ্রহণ বৃদ্ধি করা।**

- অভিভাবক ও ম্যানেজমেন্ট কমিটির সাথে সভা।
- ছাত্র, শিক্ষক, বিজ্ঞান অনুরাগী,অভিভাবক ও স্থানীয় নাগরিক সমাজ প্রতিনিধিদের নিয়ে সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ কর্মশালা।
- ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগী, নাগরিক সমাজ ও সাংবাদিকদের সংগঠিত করার জন্য নিয়মিত আলোচনা সভা।
- স্থানীয় ও জাতীয় পর্যায়ের প্রচার মাধ্যমের ও বিশিষ্ট নাগরিক সমাজের প্রতিনিধি নিয়ে সেমিনার।

**২. মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষার্থীদের নেতৃত্বে বিজ্ঞান ক্লাব গড়ে তোলা।**

- শিক্ষার্থীদের বিজ্ঞান বিষয়ে সংগঠিত করে তোলার জন্য নিয়মিত সভা।
- স্বল্পমূল্যের বৈজ্ঞানিক কিট-এর মাধ্যমে পাঠ্যপুস্তকের ব্যবহারিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- শিক্ষার্থীদের বিজ্ঞান ব্যবহারিক প্রশিক্ষণ আয়োজন করা।
- আলোচনা সভা ও বিজ্ঞান মেলার আয়োজন করা (শিক্ষাপ্রতিষ্ঠাণ, উপজেলা, জেলা ও শিক্ষা প্রতিষ্ঠাণের শ্রেণীসমূহে বিজ্ঞান বিষয়ে প্রতিযোগিতা ও বিতর্কের আয়োজন করা)।
- সহপাঠীর সাথে সহপাঠীর শিক্ষাকে (Peer Education) উৎসাহিত করা।

**প্রকল্প বাস্তবায়নের প্রধান চ্যালেঞ্জসমূহ:**

- বিজ্ঞান শিক্ষার স্ব-পক্ষে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা গড়ে তোলা।
- বিজ্ঞান শিক্ষার প্রতি শিক্ষার্থীদের আকৃষ্ট করা।
- বিজ্ঞান মনস্ক ও সহায়ক পরিবেশ গড়ে তোলা

**প্রকল্প বাস্তবায়নের ফলাফল:**

- বিজ্ঞান ক্লাবের সদস্যগণ ক্রমান্বয়ে সংগঠিত হচ্ছে এবং প্রতিবছর বিজ্ঞান ক্লাবের সদস্য সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ২০১২ সালে মোট শিক্ষার্থীর ১৪.১৫% বিজ্ঞান ক্লাবের সদস্য, ২০১৩ সালে ১৪.৮৭%, ২০১৪ সালে ১৫.৯৬% এবং ২০১৫ সালে ২১.১৬%।
- প্রকল্প এলাকায় বিজ্ঞান শিক্ষার্থীর ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০১২ সালে ২৮.৩% বিজ্ঞান শিক্ষার্থী, ২০১৩ সালে ২৯.৪৪%, ২০১৪ সালে ৩০.২২% এবং ২০১৫ সালে ৩৪.৪৫%।
- বিজ্ঞান ক্লাবসমূহ এযাবৎ অর্থ সঞ্চয় করেছে ৮৫,৫১৮ টাকা।
- বিজ্ঞান ক্লাবসমূহ উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে এবং পুরস্কৃত হচ্ছে।
- বিদ্যালয়ে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম যেমন-দেয়াল পত্রিকা প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিভিন্ন দিবস পালন ইত্যাদি নিয়মিতভাবে আয়োজন ও পরিচালনা করছে এবং এই কার্যক্রমগুলো বিদ্যালয়ে বৃদ্ধি পেয়েছে।
- কুদরাত-ই-খুদা সামার সায়েন্স ক্যাম্পে গোদাগ্ড়ী উপজেলার বিভিন্ন বিজ্ঞান ক্লাবের ২৭ জন সদস্য অংশগ্রহণ করেছে।
- ঢাকায় অনুষ্ঠিত শিশু-কিশোর বিজ্ঞান কংগ্রেস-২০১৩ তে ৪ জন, এবং ২০১৪ তে ৮ জন এবং ২০১৫ তে ৬ জন শিক্ষার্থী গোদাগাড়ী উপজেলার প্রতিনিধি হিসাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।
- প্রতিটি বিজ্ঞান ক্লাব সাইন বোর্ড তৈরি করেছে।
- মজিবর রহমান ফাউন্ডেশন ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহায়তায় গোদাগাড়ীর ৯টি ও পবা উপজেলার ৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞানাগারের ল্যাব উপকরণ প্রদান করা হয়।

**বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ও সহায়তাকারী সংস্থার পক্ষে বক্তব্য:**

**মোঃ সারওয়ার-ই-কামাল, সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান, সিসিবিভিও:** তিনি বলেন, সিসিবিভিও মানুষের মৌলিক চাহিদা নিয়ে কাজ করছে। সেই জন্য ২০০৫ সাল থেকে সিসিবিভিও গোদাগাড়ী উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মধ্যে রক্ষাগোলা সমাজ সংগঠন গড়ে তোলা হয়েছে। বিজ্ঞান শিক্ষকদের উদ্বুদ্ধকরণ ও পেশাগত দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। তিনি আরো বলেন, বিজ্ঞান শিক্ষা নিয়ে সিসিবিভিও ২০১২ সাল থেকে কাজ করছে। ফলে শিক্ষার্থীদের বিজ্ঞান ভীতি দূর হয়েছে এবং বিজ্ঞান শিক্ষার্থী বৃদ্ধি পাচ্ছে। পরিশেষে সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বক্তব্য শেষ করেন।

**মোরশেদ আলম, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন:** তিনি বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে বিএফএফ এর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বিএফএফ একটি ছোট সংগঠন। বিএফএফ আগে অনেক বিষয় নিয়ে কাজ করত কিন্তু বর্তমানে শুধু বিজ্ঞান শিক্ষা নিয়ে কাজ করছে। গোদাগাড়ী ও পবা উপজেলায় ৩০ টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের কাজ করছে। বিএফএফ বিজ্ঞান নিয়ে কাজ করার ফলে এদেশের সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান বিজ্ঞান নিয়ে কাজ করছে। বর্তমানে বিজ্ঞান শিক্ষার নিম্নগতি থেকে আবার বৃদ্ধি পাওয়া শুরু করেছে। আমাদের বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে বিজ্ঞান শিক্ষা চর্চার বিকল্প নায়।

**প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য:**

**বদিউজ্জামান, সভাপতি, আওয়ামী লীগ, গোদাগাড়ী উপজেলা:** তিনি বক্তব্যের শুরুতে প্রধান অতিথির অনুস্থিতির জন্য দু:খ প্রকাশ করেন। এরপর মেলা আয়োজক কমিটি ও সকল অতিথিবৃন্দের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর তিনি বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞানের প্রয়োজনীয়তা তুলে ধরেন। যেমন-কৃষি, চিকিৎসা, যোগাযোগ, তথ্য প্রযুক্তি ইত্যাদি।

**মো.আব্দুস সামাদ মন্ডল, সাবেক ভাইস প্রিন্সিপাল, টিটি কলেজ, রাজশাহী:** তিনি তার বক্তব্যে বলেন, শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক করে গড়ে তুলতে পাঠ্য বই এর ব্যবহারিক ক্লাসগুলো সহজবোধ্য করে তাদের কাছে উপস্থাপন করতে হবে, সেক্ষেত্রে বিজ্ঞান শিক্ষকদের সৃষ্টিশীল হতে হবে এবং মাঝে মধ্যে বিদ্যালয় গুলোতে ছোট পরিসরে হলেও বিজ্ঞান মেলার আয়োজন করতে হবে। তিনি বলেন আগামীতে গোদাগাড়ী উপজেলা জাতীয় পর্যায়ে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে নেতৃত্ব দিবে।

**প্রধান অতিথির অভিভাষণ:**

**প্রফেসর শিরিন সুফিয়া খানম, সাবেক চেয়ারম্যান, শিক্ষা বোর্ড, রাজশাহী:** প্রধান অতিথির বক্তব্যে বলেন, শিক্ষকদের আরো দক্ষ ও মনোযোগী হতে হবে। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্য করে বলেন, তোমরা কেউ মনে করোনা ক্লাসে রোল ১/২ হতে হবে, তোমরা যা শিখবা তা মন দিয়ে শিখবা। তিনি বলেন শিক্ষকদের বাছাই করতে হবে কারা বিজ্ঞান পড়বে বা পড়লে ভাল হয়। পরিশেষে মেলার আয়োজক ও অংশগ্রহণকারীদের শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

**সভাপতির বক্তব্য:**

রায়ানাতুন নেসা, সভাপতি, আলোচনা সভা, সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫: তার বক্তব্যে বলেন, প্রধান অতিথি, বিশেষ অতিথি, অতিথিবৃন্দ, শিক্ষক মহোদয়, অংশগ্রহণকারী বিদ্যালয়সমূহ, অন্যান্য ছাত্র-ছাত্রী, দর্শনার্থী ও সহযোগী সংগঠন সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও সালাম জানাই। আজকের এই বিজ্ঞান মেলা আয়োজনে মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবসমূহ, বাস্তবায়নকারী সংস্থা সিসিবিভিও এবং সহায়তাকারী সংস্থা বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনকে আন্তরিক ধন্যবাদ জানাই। তাদের সহায়তা ছাড়া এই মেলা আয়োজন করা সম্ভব হত না। সবার কাছে অনুরোধ থাকবে আমরা যেন প্রতিবছর এই রকম বিজ্ঞান মেলার আয়োজন করতে পারি এই আকাংখাকে সামনে রেখে তিনি আলোচনা পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

**দুপরের খাবার বিরতি:**

সভাপতির বক্তব্যের পর সকল অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দ দুপুরের খাবারের বিরতিতে যান।

**সাংস্কৃতিক অনুষ্ঠান:**

লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের সদস্যগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। সেক্ষেত্রে নাচ, গান, অভিনয় ও বিজ্ঞান বিষয়ক গম্ভীরা পরিবেশন করে।

**প্রজেক্ট মূল্যায়ন:**

নির্দিষ্ট ফরমের প্রশ্ন পত্রের ভিত্তিতে মূল্যায়ন কমিটি প্রজেক্টগুলোকে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করেন। এক্ষেত্রে বিচারকগণ নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করেন: ডেকোরেশন, সৃজনশীলতা, গুণগতমান, বাস্তবসম্মত ও উপস্থাপন দক্ষতা।

| বিজ্ঞান ক্লাবের নাম | বিদ্যালয়ের নাম | স্থান |
|---|---|---|
| নিউটন বিজ্ঞান ক্লাব | প্রেমতলী সুকবাসিয়া উচ্চ বিদ্যালয় | প্রথম |
| পিএইচ এস বিজ্ঞান ক্লাব | পিরিজপুর উচ্চ বিদ্যালয় | দ্বিতীয় |
| জগদিস চন্দ্র বসু বিজ্ঞান ক্লাব | দামকুড়াহাট উচ্চ বিদ্যালয় | তৃতীয় |

## পুরস্কার বিতরনী ও সমাপনী:

পুরস্কার বিতরণী পর্বে উপস্থিত সকল অতিথি, প্রধান শিক্ষক ও অধ্যক্ষ মহোদয়কে মঞ্চে আসার জন্য বলা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন সিসিবিভিওর নির্বাহী প্রধান সারওয়ার-ই-কামাল। এই পর্বে প্রথমে মেলায় অংশগ্রহণকারী প্রতিটি বিজ্ঞান ক্লাবকে শুভেচ্ছা স্মারক দেয়া হয়। এরপর বিচারকদের মূল্যায়নের ভিত্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারীদের পুরস্কার দেয়া হয়। অত;পর বিএফএফ কর্তৃক প্রদত্ত শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাবের পুরস্কার প্রদান করা হয়। সিসিবিভিও-বিএফএফ আন্ত:স্কুল বিজ্ঞান মেলা-২০১৫ এর শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাব নির্বাচিত হয় বাজাবাড়ী হাট উচ্চ বিদ্যালয়ের ইউরেকা বিজ্ঞান ক্লাব। পরিশেষে মেলা ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মো: হায়দার আলী এই পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

**অতিথিবৃন্দের স্থির চিত্র ও তার পরিচিতি:**


চিত্র: ১


চিত্র: ২


চিত্র: ৩


চিত্র: ৪


চিত্র: ৫


চিত্র: ৬


চিত্র: ৭


চিত্র: ৮


চিত্র: ৯


চিত্র: ১০


চিত্র: ১১


চিত্র: ১২

**চিত্র-০১ :** অতিথিদের ফুল দিয়ে বরণ করছে লিনাস পলিং বিজ্ঞান ক্লাবের সদস্যগণ।

**চিত্র-০২ :** মো: হায়দার আলী, প্রধান শিক্ষক, মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

**চিত্র-০৩ :** মো: নিরাবুল ইসলাম, সমন্বয়কারী, পিএই ই প্রকল্প, সিসিবিভিও।

**চিত্র-০৪ :** মো: সোহেল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।

**চিত্র-০৫ :** মো: সারওয়ার-ই-কামাল, সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান, সিসিবিভিও।

**চিত্র-০৬ :** মোরশেদ আলম, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, ঢাকা।

**চিত্র-০৭ :** বদিউজ্জামান, সভাপতি, আওয়ামী লীগ, গোদাগাড়ী, রাজশাহী।

**চিত্র-০৮ :** মো: আব্দুস সামাদ মন্ডল, সাবেক ভাইস প্রিন্সিপাল, টিটি কলেজ, রাজশাহী।

**চিত্র-০৯ :** প্রফেসর শিরিন সুফিয়া খানম, সাবেক চেয়ারম্যান, শিক্ষা বোর্ড, রাজশাহী।

**চিত্র-১০ :** রায়ানাতুন নেসা, সভাপতি, আলোচনা সভা, সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৫ ।

**চিত্র-১১ :** অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার তুলে দেন বৃন্দ।


**চিত্র-১২ :** শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাবের পুরস্কার গ্রহণ করছে ইউরেকা বিজ্ঞান ক্লাব, রাজাবাড়ীহাট উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

## পেপার কাটিং


দৈনিক রাজশাহী
The Daily Rajshahi
গোদাগাড়ীতে সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞানমেলা অনুষ্ঠিত
গোদাগাড়ীতে সিসিবিভিও


উত্তরা প্রতিদিন
সম্পাদকীয়
সোমবার, ৯ অগ্রহায়ণ ১৪২২
গোদাগাড়ীতে আন্তঃস্কুল বিজ্ঞানমেলা অনুষ্ঠিত


দৈনিক সানশাইন
THE DAILY SUNSHINE
রাজশাহী ‖ সোমবার, ২৩ নভেম্বর ২০১৫
ক্ষুদে বিজ্ঞানীদের আবিষ্কার নিয়ে হলো আন্তঃস্কুল বিজ্ঞান মেলা


দৈনিক সোনালী সংবাদ
সোমবার ২৩ নভেম্বর ২০১৫
গোদাগাড়ীতে আন্তঃস্কুল


সোনার দেশ
গোদাগাড়ীতে আন্তঃস্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত